তারিখ ... 08 MAR 1990 ...
পৃষ্ঠা ... 7 ... কলাম 2 ...

দৈনিক বাংলা

58

# আজ জাকসু নির্বাচন

।। বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।।

আজ জাকসু ও ৬টি হল সংসদ নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে। বিশ্ববিদ্যালয়ের ৬টি হলের ভোট কেন্দ্রে সকাল ৯টা থেকে বিকেল ৩টা পর্যন্ত একটানা

(শেষ পৃঃ ৮–এর কঃ দ্রঃ)

# আজ জাকসু নির্বাচন

প্রথম পৃঃ পর

ভোট গ্রহণ করা হবে। নির্বাচনে মোট ২ হাজার একশ' ৮৪ জন ছাত্র–ছাত্রী ভোটাধিকার প্রয়োগ করবেন।

এবার জাকসু ও হল সংসদের ৯৪টি পদে সর্বমোট ৪ শ' ৬৪ জন প্রার্থী ৫টি প্যানেল থেকে প্রতিদ্বন্দ্বিতা করছেন।

## শিবিরের নির্বাচন বর্জন

ইসলামী ছাত্র শিবির জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শাখা জাকসু নির্বাচন বর্জন করার সিদ্ধান্ত নিয়েছে। গতকাল জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে নির্বাচন বর্জনের কথা ঘোষণা করা হয়।